দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

120

# ছাত্র সংঘর্ষ

## চৌমুহনী কলেজ বন্ধ ঘোষণা

চৌমুহনী সংবাদদাতা ।। তুচ্ছ ঘটনায় দলীয় পর্যায়ে সংঘর্ষ ও কলেজে ব্যাপক ভাংচুরের পরিণামে চৌমুহনী সরকারী কলেজ কর্তৃপক্ষ বন্ধ ঘোষণা করিয়াছেন।

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ছাত্র সংঘর্ষ

( প্রথম পৃঃ পর )

খবরে বলা হয়, শ্রেণী কক্ষে বসা লইয়া জাসদ সমর্থিত ছাত্রলীগ (অ-আ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে সংঘর্ষ হইলে দুইজন আহত হয়। পরে ছাত্র লীগের কর্মীরা ছাত্রদলের কর্মীদের উপর হামলা চালায় এবং কলেজ ছাত্র সংসদ অফিস ও কলেজের শ্রেণীকক্ষগুলিতে ব্যাপক ভাংচুর করে। উভয়পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়াও চলে। এই অবস্থায় কর্তৃপক্ষ কলেজ বন্ধ ঘোষণা করেন।